ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৬৯
সোনামুড়া, ১৪ জুলাই, ২০২৬

**১৫ জুলাই মেলাঘরের রথযাত্রা**
**উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী**

সিপাহীজলা জেলা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে ৯ দিনব্যাপী ঐতিহ্যবাহী মেলাঘরের রথযাত্রা উৎসব আগামী ১৫ জুলাই থেকে শুরু হবে। মেলাঘর জগন্নাথ বাড়ী প্রাঙ্গণে আয়োজিত এই উৎসব চলবে আগামী ২৩ জুলাই পর্যন্ত। ১৫ জুলাই বিকাল ৪টায় উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ। বিশেষ অতিথি হিসাবে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক বিন্দু দেবনাথ, সম্মানিত অতিথি হিসাবে সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা পুলিশ সুপার বিজয় দেববর্মা সহ অন্যান্য বিশিষ্ট জনেরা উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়।

******